

আমরা দূর আকাশের নেশায় মাতাল ঘরভোলা সব যত-
বকুলবনের গন্ধে আকুল মউমাছিদের মতো ॥
সূর্য ওঠার আগে মন আমাদের জাগে-
বাতাস থেকে ভোর-বেলাকার সুর ধরি সব কত ॥
কে দেয় রে হাতছানি
নীল পাহাড়ের মেঘে মেঘে, আভাস বুঝি জানি ।
পথ যে চলে বেঁকে বেঁকে অলখ-পানে ডেকে ডেকে
ধরা যারে যায় না তারি ব্যাকুল খোঁজেই রত ॥

Parjaay: Natya-geeti, Taal: Dadra, Raag: Ramkeli-Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail